

মাধ্যমিক শিক্ষক মহলে বিরূপ প্রতিক্রিয়া

স্কুলের সময়সূচী পরিবর্তন ও নতুন ক্লাস-রুটিন তৈরীর নির্দেশ

মোঃ আবদুর রহিম II দেশের মাধ্যমিক ও নিম্ন মাধ্যমিক বিদ্যালয়সমূহের জন্য শিক্ষা অধিদপ্তর কর্তৃক শিক্ষা দানের সময়সূচী পরিবর্তন এবং নতুন ক্লাস রুটিন তৈরীর নির্দেশকে কেন্দ্র করে শিক্ষক মহলে বিরূপ প্রতিক্রিয়া সৃষ্টি হয়েছে।

শিক্ষার মান উন্নয়ন ও শিক্ষাদানের সময় বৃদ্ধিকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের মাধ্যমিক শাখা সারাদেশের বিদ্যালয়সমূহের জন্য সময়সূচী পরিবর্তন ও নতুন ক্লাস রুটিন তৈরীর নির্দেশ দিয়েছে। নতুন নির্দেশের

ফলে ডাবল শিফট স্কুলের ছাত্র-ছাত্রীদের সকাল ৭টা থেকে বেলা ১২টা পর্যন্ত অর্থাৎ ৩০০ মিনিট প্রভাতী শাখা এবং দুপুর ১২টা ২০ মিনিট থেকে বিকাল ৫টা ৩৫ মিনিট পর্যন্ত (মোট ৩১৫ মিনিট) দিবা শাখার সময়সূচী নির্ধারণ করা হয়েছে। আর একক শিফট-এর স্কুলের জন্য সকাল ১০টা থেকে বিকাল ৪টা পর্যন্ত স্কুল সময়সূচী নির্ধারণ করা হয়েছে। নতুন সিদ্ধান্তের ফলে একক শিফট-এর স্কুলের ছাত্র-ছাত্রীদের তুলনায় ডাবল (৮-এর পাতায় দেখুন)

স্কুলের সময়সূচী পরিবর্তন ও নতুন ক্লাস-রুটিন তৈরীর নির্দেশ

(প্রথম পৃষ্ঠার পর)

প্রতিবন্ধকতা সৃষ্টি করবে বলে শিক্ষক মহল ধারণা করছেন। উল্লেখ্য, ১ শিফট স্কুলের সময়সূচী ও ক্লাস-রুটিন-এর ক্ষেত্রে সময় নির্ধারণ করা হয়েছে সকাল ১০টা থেকে সমাবেশ ১৫ মিনিট, প্রথম পিরিয়ড ৫০ মিনিট, দ্বিতীয় থেকে চতুর্থ পিরিয়ড ৪৫ মিনিট, টিফিন ৩৫ মিনিট, ৫ম পিরিয়ড ৪৫ মিনিট এবং ৬ষ্ঠ ও ৭ম পিরিয়ড ৪০ মিনিট করে মোট ৩৬০ মিনিট।

ডাবল শিফট স্কুলের প্রভাতী শাখার সময়সূচী ও ক্লাস রুটিন তৈরীর ক্ষেত্রে সময় নির্ধারণ করা হয়েছে সকাল ৭টা থেকে সমাবেশ ১৫ মিনিট, প্রথম পিরিয়ড ৪৫ মিনিট, দ্বিতীয় থেকে ৪র্থ পিরিয়ড ৪০ মিনিট, টিফিন ১৫ মিনিট এবং ৫ম, ৬ষ্ঠ ও ৭ম পিরিয়ড ৩৫ মিনিট করে মোট ৩০০ মিনিট। দিবা শাখার বেলায় সকাল ১২টা ২০ মিনিট থেকে ১৫ মিনিট সমাবেশ, প্রথম পিরিয়ড ৪৫ মিনিট, দ্বিতীয় ৪০ মিনিট, টিফিন ৩০ মিনিট, তৃতীয় ও চতুর্থ পিরিয়ড ৪০ মিনিট এবং ৫ম/৬ষ্ঠ

ও ৭ম পিরিয়ড ৩৫ মিনিট করে মোট ৩১৫ মিনিট। অভিজ্ঞ শিক্ষক মহল সময়সূচীর ক্ষেত্রে একই সময়সীমা নির্ধারণ এবং ডাবল শিফট দিবা শাখার সময়সূচীর শেষসীমা ৫টা পর্যন্ত সীমাবদ্ধ রাখার পক্ষে মত প্রকাশ করেছেন। অন্যথায় ছাত্র-ছাত্রীদের একাংশ রক্ষিত হবে এবং দিবা শাখার শিক্ষক-শিক্ষিকারা ধৈর্যহারা হয়ে পড়বেন বলেও তারা অভিযুক্ত পোষণ করেছেন। শিফট স্কুলের ছাত্রছাত্রীদের শিক্ষাদান কার্যক্রম পৌনে ১ ঘন্টা থেকে ১ ঘন্টা কম হচ্ছে। তা ছাড়া ডাবল শিফট স্কুলের দিবা শাখার সময়সূচীর শেষ সময় ৫টা ৩৫ মিনিট পর্যন্ত হওয়ায় শীতকালে ছাত্রছাত্রীদের মাগরিব নামাজের আযানের সময়ও ক্লাস করতে হবে। শিক্ষা অধিদপ্তরে মাধ্যমিক শাখার এ নির্দেশের ফলে একক শিফট স্কুলের তুলনায় দুই-শিফট স্কুলের ক্লাসের সময় ১ ঘন্টা কম হওয়া এবং ডাবল শিফট স্কুলের দিবা শাখার ক্লাসের শেষ সময় মাগরিব নামাজ পর্যন্ত নিয়ে যাওয়ার বিষয়টি শিক্ষাদান ক্ষেত্রে